৩। সরকার কর্তৃক চাকরির নির্ধারিত আবেদন ফরম জেলা প্রশাসক, খুলনাকে সম্বোধন করে আগামী ২০/১২/২০১৭ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন জেলা প্রশাসক, খুলনা এর কার্যালয়ে ডাকযোগে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়। খামের উপর মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি খুলনা জেলার ওয়েবসাইট www.khulna.gov.bd, UDC এবং এ কার্যালয়ের নেজারত শাখা হতে সংগ্রহ করা যাবে।

৪। নির্ধারিত আবেদন ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৫। প্রার্থীর বয়সসীমা ২০ /১২ /২০১৭ খ্রি. তারিখে অবশ্যই ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তান বা সন্তানের সন্তান বা প্রতিবন্ধদের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৬। আবেদনপত্রের সহিত নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।

ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি ৫×৫ সে.মি. আকারের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি দাখিল করতে হবে এবং সত্যায়ন কর্মকর্তার নাম, পদবিযুক্ত স্পষ্ট সীল থাকতে হবে।

খ) সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি।

গ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)।

ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নামযুক্ত সীল দ্বারা চারিত্রিক সনদপত্রের মূলকপি।

ঙ) প্রার্থী শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার পোষ্য হলে মুক্তিযোদ্ধ কোটায় আবেদিত চাকরি প্রার্থীদেরকে নির্ধারিত ফরমের সাথে নিম্নবর্ণিত ছকে উল্লিখিত তথ্যাদি পূরণপূর্বক সনদের সত্যায়িত কপি আবেদন ফরমের সাথে দাখিল করতে হবে।

| প্রার্থীর নাম | মুক্তিযোদ্ধার নাম | মুক্তিযোদ্ধার পিতার নাম | মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানা | মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্র, জন্ম তারিখ, জন্ম সনদ | মুক্তিযোদ্ধার সনদ নম্বর, মুক্তিবার্তা নম্বর ও তারিখ | গেজেট নম্বর ও তারিখ | মন্ত্রণালয়ের সনদ নম্বর ও স্মারক নম্বর | বামুস সনদ নম্বর ও তারিখ | মুক্তিযোদ্ধার নাতি-নাতনি দাবী করার ক্ষেত্রে প্রার্থীর জাতীয় পরিচয়পত্র, পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র | মুক্তিযোদ্ধার উত্তরাধিকারী সনদপত্র পোষ্যদের ক্ষেত্রে প্রার্থীর পিতা-মাতার নাগরিকত্ব সনদযুক্ত প্রমাণক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |

চ) ট্রেজারী চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ কোড নম্বর-১-০৭৪২-০০০০-২০৩১ তে ৫০/- (পঞ্চাশ) টাকা ০৭০০-কোডে জমা প্রদান করে ট্রেজারি চালানের মুল কপি (১ম) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ছ) পদের নাম ও প্রার্থীর নাম ঠিকানা সংবলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট লাগানো ০১ (এক) টি ১০ ইঞ্চি ×৪.৫ ইঞ্চি একটি ফেরত খাম আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

৭। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র এবং ক্রুটিপুর্ণ/অসর্ম্পণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮। চাকরিরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯। সরকারি নীতিমালা মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/মহিলা/আনসার ভিডিপি/এতিম/শারীরিক প্রতিবন্ধী/উপজাতী প্রার্থীদের জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।

১০। কোন তথ্য গোপন করে বা ভূল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল এবং তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় নাগরিকত্ব সনদপত্র , জাতীয় পরিচয়পত্র /জন্ম নিবন্ধন সনদ, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ এর প্রমাণস্বরুপ সকল সনদপত্র ও কোটা সম্পর্কিত প্রমাণক সনদপত্রের মুলকপি উপস্থাপন/দাখিল করতে হবে।

১২। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর যোগ্যতার পরিপন্থীবলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১৩। কর্তৃপক্ষ সরকারি বিধি বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্তাবলী পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। প্রবেশপত্রে পরীক্ষার সময়সূচি জানানো হবে।

১৪। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২৬/১১/১৭
মোঃ আমিন উল আহসান
জেলা প্রশাসক
খুলনা।
ফোনঃ ০৪১-৭২১১১১ (অফিস)
ফ্যাক্সঃ ০৪১-৭৩১৭৫০ (অফিস)
e -mail:dckhulna@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৪.৪৭০০.০০৮.১৮.০০১.১৭- ১১৬৯

তারিখঃ ১১ অগ্রহায়ণ ১৪২৪ / ২৬ নভেম্বর ২০১৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার................................................(সকল)
৫। জেলা প্রশাসক ................................................(সকল)

অনুলিপি জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য-

৬। পুলিশ সুপার, খুলনা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, খুলনা।
৮। সিভিল সার্জন, খুলনা।
৯। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(এল, এ)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/(শিক্ষা ও আইসিটি)/(রাজস্ব), খুলনা।
১০। উপজেলা চেয়ারম্যান, ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/কয়রা/পাইকগাছা/রুপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।
১১। উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/কয়রা/পাইকগাছা/রুপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।
১২। সহকারী কমিশনার (ভূমি),ডুমুরিয়া/বটিয়াঘাটা/দাকোপ/কয়রা/পাইকগাছা/রুপসা/তেরখাদা/ফুলতলা/দিঘলিয়া, খুলনা।
১৩। সহকারী কমিশনার, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (উপরোক্ত বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)
১৪। উপ পরিচালক, জেলা তথ্য অফিসার, খুলনা।
১৫। সম্পাদক, ....দৈনিক যুগান্তর........, ঢাকা। তাঁকে বিজ্ঞপ্তিটি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ৬ কলাম ৯" সাইজে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫। সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল, খুলনা। তাকে বিজ্ঞপ্তিটি ২৭ /১১/২০১৭ তারিখের সংখ্যায় ০১ (এক) দিনের জন্য শেষের পাতায় ৬ কলাম ৯" সাইজে প্রকাশ করে পত্রিকার ০৫ (পাঁচ) কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটিশ বোর্ড।

২৬/১১/১৭
মোঃ আমিন উল আহসান
জেলা প্রশাসক
খুলনা।
ফোনঃ ০৪১-৭২১১১১ (অফিস)
ফ্যাক্সঃ ০৪১-৭৩১৭৫০ (অফিস)
e -mail:dckhulna@mopa.gov.bd